



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
Sher-e-Bangla Agricultural University
শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭

স্মারক নং- শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৬৭)/২০২১/৩৭৮

তারিখ : ১৩/০৪/২০২৩ খ্রিঃ

স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে জুলাই-ডিসেম্বর/২০২২ সেমিস্টারে এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদে নিম্নে উল্লিখিত বিভাগসমূহে এমএস প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে।

০১. এমএস, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ :

যোগ্যতা : শেকৃবি/স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে B.Sc.Vet.Sci. & A.H. অথবা তৎসংশ্লিষ্ট সমমানের ডিগ্রিধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ : এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক্স এন্ড ব্রিডিং; এনিম্যাল প্রোডাকশন এন্ড ম্যানেজমেন্ট; এনাটমি, হিস্টোলজি এন্ড ফিজিওলজি; ডেইরী সায়েন্স; মেডিসিন এন্ড পাবলিক হেলথ; মাইক্রোবায়োলজি এন্ড প্যারাসাইটোলজি; প্যাথলজী; পোল্ট্রি সায়েন্স; সার্জারী এন্ড খেরিওজেনোলজি; এবং ফার্মাকোলজি এন্ড টক্সিকোলজি (এমএস ইন ফার্মাকোলজি)।

০২. আবেদন করার নিয়ম :

- আগামী ০২-০৫-২০২৩ হতে ১১-০৫-২০২৩ তারিখের মধ্যে এমএস প্রোগ্রামের আবেদন ফরম ডিন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ কার্যালয়, শেকৃবি হতে অফিস খোলা থাকাকালীন সরাসরি সংগ্রহ করা যাবে। আবেদন ফরম সংগ্রহকারীদেরকে (আবেদন ফরমের মূল্য ৫০০/-) পূরণকৃত আবেদন ফরম উক্ত সময়সীমার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে ডিন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১২০৭ এর কার্যালয়ে জমা দিতে হবে।
 - আবেদন ফরমের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপিসহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র ও ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা এর চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি সংযোজন করতে হবে।
 - আবেদনকারীগণকে আবেদন ফরমে বিষয়ের পছন্দক্রম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে। পূরণকৃত আবেদন ফরমে বিষয়ের পছন্দক্রম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখপূর্বক জমাদানের পর কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।
 - চাকুরীরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ভর্তির যোগ্যতা শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট উচ্চশিক্ষার জন্য কর্তৃপক্ষের অনুমতিপত্রের কপি ভর্তি ফরমের সাথে সংযোজন করতে হবে। চাকুরীরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে বৃত্তিপ্রাপ্তির নিশ্চয়তা পত্র দিতে হবে। ভর্তির জন্য নির্বাচিত চাকুরীরত প্রার্থীদের গবেষণা ব্যয় হিসেবে বেঞ্চি ফি হিসেবে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ভর্তির সময় বিশ্ববিদ্যালয় এর ক্যাশ শাখায় জমা দিতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক কোন গবেষণা ব্যয় বহন করা হবে না।
 - নির্বাচিত চাকুরীরত প্রার্থীদের ক্লাস শুরু পূর্বেই নিয়োগকর্তার নিকট হতে প্রেষণাদেশ/অনুমতির কপি স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যান এবং ডিন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ এর কার্যালয়ে জমা দিতে হবে।
 - নির্বাচিত প্রার্থীগণের তালিকা ও ভর্তির সময়সূচি যথাসময়ে সংশ্লিষ্ট সকল বিভাগীয় চেয়ারম্যান ও ডিন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ কার্যালয়ের নোটিশ বোর্ডে দেয়া হবে।
 - ক্লাস শুরু :
- এমএস প্রোগ্রামে ভর্তিকৃত বিভাগসমূহের ক্লাস শুরুর তারিখ যথাসময়ে নোটিশের মাধ্যমে জানানো হবে।
- অসম্পূর্ণ এবং অস্পষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে।

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়